# Jewel রাস্তা পার্শ্ববর্তী এলাকাগুলি পরিকল্পনা
# (Jewel Streets Neighborhood Plan)

# অনুবাদ করার জন্য পাঠ্য:

**কমিউনিটি স্ট্রেন্থেনিং ওপেন হাউস:** খোলা জায়গা, কমিউনিটি পরিষেবা, অর্থনৈতিক সুযোগ এবং স্বাস্থ্য

1. **খোলা জায়গা**
   a. বোর্ড 1: পরিচায়ক উপস্থাপনা
      - এলাকাটিতে প্রায় এক ডজন পার্ক এবং খেলার মাঠ রয়েছে যেখানে খেলার সরঞ্জাম, খেলার মাঠ, খোলা ঘাসযুক্ত এলাকা এবং জলাভূমি রয়েছে। কন্‌ডুইট অ্যাভিনিউ বরাবর থাকা পার্কগুলিকে সক্রিয়ভাবে ব্যবহার করা হয়, যেমন ক্রিকেট এবং বেসবলের মাঠ হিসাবে। খেলার মাঠগুলি আশেপাশের রাস্তা এবং NYCHA ক্যাম্পাসগুলির এলাকা জুড়ে রয়েছে। আর 240-একরের স্প্রিং ক্রিক (Spring Creek) পার্ক এবং 400-একরের চার্লি শিজম স্টেট (Shirley Chisholm State) পার্কের মতো বড় জলপ্রান্তর পার্কগুলি জ্যামাইকা উপসাগর বরাবর অবস্থিত।
      - দিও আশেপাশে একাধিক পার্ক এবং খেলার মাঠ রয়েছে, তবুও কন্‌ডুইট এবং লিন্ডেনের মতো প্রশস্ত, ব্যস্ত রাস্তাগুলি বাসিন্দাদের অ্যাক্সেসে বাধা হতে পারে। স্প্রিং ক্রিক (Spring Creek) পার্ককে প্রসারিত এবং পরিবেশগতভাবে পুনরুদ্ধার করার জন্য বর্তমানে প্রচেষ্টা চলছে।
   b. বোর্ড 1: প্রম্পট #1
      - কোন পার্ক বা খেলার মাঠ আপনার প্রিয়? কেন?
      - আপনার বাড়ির আশেপাশের এলাকায় থাকা পার্কগুলিতে আপনি কী ধরনের পরিবর্তন দেখতে চান?
      - কোন ধরনের উন্মুক্ত জায়গাগুলি আপনি আপনার এলাকায় আরও দেখতে চান? (যেমন খেলাধুলা করার জায়গা, বল খেলার জায়গা, বসার জায়গা, ওয়াটারফ্র অ্যাক্সেস)

- আপনি সেখানে কীভাবে পৌঁছাবেন? আপনি কি সবচেয়ে কাছের পার্ক/খেলার মাঠে যেতে কোনো বাধার সম্মুখীন হন?

c. <u>বোর্ড 2: মানচিত্র</u>

- পার্ক, খেলার মাঠ, কমিউনিটি গার্ডেন, এবং হাঁটার সুবিধা
  - "ওয়াক গ্যাপ" কী? শহরের যে এলাকাগুলি পার্ক বা খেলার মাঠে হেঁটে যাওয়ার দূরত্বের মধ্যে নেই সেগুলিকে "ওয়াক গ্যাপ" হিসাবে বিবেচনা করা হয়। স্প্রিং ক্রিক (Spring Creek) পার্কের ঠিক উত্তরের এলাকাটিকে ওয়াক গ্যাপ হিসেবে বিবেচনা করা হয়। যদিও স্প্রিং ক্রিক (Spring Creek) পার্কের কাছাকাছি, এই প্রাকৃতিক এলাকায় বর্তমানে জনসাধারণের বিশেষ আসাযাওয়া নেই।
- ফোটো ও ক্যাপশনগুলি
  - জেমিনি ফিল্ডস (Gemini Fields): একটি বিস্তৃত অ্যাভিনিউ বরাবর বেসবল মাঠ, অ্যাক্সেস করা কঠিন হতে পারে
  - রবার্ট ভেনেবল পার্ক (Robert Venable Park): পার্কগুলি এলাকা জুড়ে ছড়িয়ে ছিটিয়ে আছে
  - স্প্রিং ক্রিক পার্ক (Spring Creek Park): এই 237-একর জলাভূমি এবং প্রকৃতির দ্বারা সংরক্ষিত খোলা সবুজ জায়গা এবং দক্ষিণ প্রান্তে ক্রিকেট খেলার মাঠ
    - NYC Parks ফ্ল্যাটল্যান্ডস এভিনিউ এবং বেল্ট পার্কওয়ের মধ্যে একটি 35-একর ইকোসিস্টেম পুনরুদ্ধার প্রকল্প সম্পূর্ণ করতে US আর্মি কর্পস অফ ইঞ্জিনিয়ারদের সাথে কাজ করছে। প্রকল্পটি জোয়ার ভাঁটার ফলে উৎপন্ন জলাভূমিকে পুনরুদ্ধার করতে এবং সেখানে বিদ্যমান জলাভূমিগুলিকে উন্নত করতে এবং সামুদ্রিক বন ও তৃণভূমি পুনরুদ্ধার করতে ঐতিহাসিক ভরাটকে অপসারণ করবে। সামগ্রিকভাবে, এটি এই পার্ক এবং এটির বাস্তুতন্ত্রের সহনশীলতা বাড়াবে। এই প্রকল্পটি চূড়ান্ত নকশা অঙ্কনের পর্যায়ে রয়েছে এবং 2024 সালে নির্মাণকার্য শুরু হওয়ার কথা রয়েছে। NYC Parks নতুন পুনরুদ্ধার করা সাইটটিতে প্যাসিভ বিনোদনমূলক অ্যাক্সেস বাড়ানোর ক্ষেত্রে পথ খুঁজে বের করার জন্য তহবিল চাইছে।
  - সাইপ্রেস হিল (Cypress Hills) খেলার মাঠ: এই খেলার মাঠটিতে একটি বেসবল খেলার মাঠ আছে এবং ইউক্লিড অ্যাভিনিউ অভিমুখে একটি খেলার জায়গা রয়েছে
  - পিঙ্ক (Pink Playground) খেলার মাঠ: এটি NYCHA পিঙ্ক হাউস ক্যাম্পাসের একটি অংশ, এই খেলার মাঠটি আশেপাশের এলাকারও কাজে লাগে
  - শার্লি চিজম স্টেট পার্ক (Shirley Chisholm State Park): এটি স্টাডি এরিয়ার উত্তর-পশ্চিমে অবস্থিত, বাসিন্দারা স্টেট পার্কটিকে পাবলিক ট্রান্সপোর্টের মাধ্যমে পরিদর্শন করে

d. <u>বোর্ড 3: মুখ্য সারসংক্ষেপ, আমরা কী শুনেছি</u>

- আমি আরও গাছ সহ আমার এলাকার আশেপাশে আরও সবুজ জায়গা দেখতে চাই। এলাকায় খুব কম পার্ক, সবুজ জায়গা, এবং বিনোদনের জন্য জায়গা আছে।

- পার্কের পাশাপাশি আমি এলাকায় আরও বাগান দেখতে চাই
- আমার মনে আছে যখন এই এলাকায় আরও গাছ এবং প্রাণী ছিল, এবং আমি আবার সেসব দেখতে চাই!
- আমি আমার পরিবারের সাথে রবার্ট অ্যাভিনিউ (Robert Venable) যেতে ভালবাসি এবং এর মতো আরও কয়েকটি জায়গা দেখতে চাই। উন্মুক্ত জায়গাগুলিকে পরিষ্কার এবং নিরাপদ বোধ করানোর জন্য আরও রক্ষণাবেক্ষণের প্রয়োজন।
- আমি জেমিনি ফিল্ডস এবং টিউডর পার্কের ক্রিকেট মাঠে যেতে ভালবাসি কিন্তু মাঠে আরও ভালো উজ্জ্বল আলো লাগানো হয়েছে তা দেখতে চাই। মাঠগুলিকে অ্যাক্সেস করার জন্য কন্ডুইট অ্যাভিনিউ পার করাটাও দুষ্কর।

## 2. সম্প্রদায়ের সুবিধা এবং পরিষেবা

a. বোর্ড 1: পরিচায়ক উপস্থাপনা

- সম্প্রদায়ের সংস্থানগুলি হল পরিষেবা এবং স্থান যা বাসিন্দাদের শিখতে, সম্প্রদায় তৈরি করতে, মানসিক চাপ বা স্ট্রেসের মোকাবেলা করতে এবং সামগ্রিক জীবনের মানকে উন্নত করার সুযোগ দেয়। সম্প্রদায়-ভিত্তিক সংস্থা, স্কুল, এবং কমিউনিটি সেন্টারগুলি যুবক, অভিবাসী এবং প্রবীণদের পরিষেবা অ্যাক্সেস করার জন্য একটি স্থান তৈরি করে। স্কুলের পরের প্রোগ্রাম, কর্মশক্তি উন্নয়ন পরিষেবা এবং অভিবাসী সহায়তার মতো সংস্থানগুলি আমাদের বসবাসকারী এলাকার আশপাশের সাথে ওতপ্রোতভাবে জড়িত এবং বসবাসকারী এলাকার পরিচয় গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

b. বোর্ড 1: প্রম্পটস

i. **সামাজিক পরিষেবা**

a. আশেপাশে এলাকায় সিটি সার্ভিস বা শহুরে পরিষেবার সবচেয়ে বেশি প্রয়োজন কার?
   - বরিষ্ঠদের
   - যুবাদের
   - অভিবাসীদের
   - প্রতিবন্ধী ব্যক্তিদের
   - গৃহহীন বাসিন্দাদের
   - বেকার বাসিন্দাদের
   - আর কে?

b. বর্তমানে আপনার বসবাসকারী এলাকার আশেপাশে কোন ধরনের শহুরে পরিষেবা অনুপস্থিত বা অপর্যাপ্ত? অভিবাসী পরিষেবা
   - গৃহহীনতা প্রতিরোধ এবং ভাড়া সহায়তা
   - স্কুল এবং যুব উন্নয়ন
   - বরিষ্ঠদের পরিষেবা
   - কর্মশক্তির উন্নয়ন
   - স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্য
   - আর কী?

ii. **কমিউনিটি স্পেস**
- আপনার বসবাসকারী এলাকার আশপাশটি কোন সম্প্রদায়গুলির দ্বারা গঠিত এবং আপনি কোনটির অংশ? এর মধ্যে শিল্প ও সংস্কৃতি, নাগরিক বা ব্লক সমিতি, স্বার্থ গোষ্ঠী, জাতিগত গোষ্ঠী, ধর্মীয় গোষ্ঠী বা মণ্ডলী ইত্যাদি অন্তর্ভুক্ত থাকতে পারে।
- আপনার সম্প্রদায়গুলি কোথায় সমাবেশ করে? পার্ক, স্কুল, কমিউনিটি সেন্টার, উপাসনালয়, কারো বাড়ি, অন্য জায়গায়? এইসব ধরনের সমাবেশগুলি কি আপনার বসবাসকারী এলাকার ভিতরে বা বাইরে হয়?
- এলাকায় কোন ধরনের সম্প্রদায়ের সমাবেশের স্থান সবচেয়ে বেশি প্রয়োজন? উদাহরণ স্বরূপ:
  - কমিউনিটি সেন্টার
  - স্কুল
  - বরিষ্ঠ ব্যক্তি বা সিনিয়র সেন্টার
  - যুবা বা ইউথ সেন্টার
  - পারফরম্যান্স স্পেস/সাংস্কৃতিক কেন্দ্র
  - আর কী?

c. <u>বোর্ড 2: মানচিত্র/ডেটা/ছবি</u>

i. ছবি

a. বরিষ্ঠদের
b. যুবাদের
c. বাচ্চাদের
*d.* <u>নুতন</u> নিউ ইয়র্কবাসীদের:

ii. মানচিত্র এবং চার্ট:

a. <u>এলাকার স্কুলের মানচিত্র</u>
b. সম্প্রদায়ের সংস্থানের মানচিত্র

d. <u>বোর্ড 3: মুখ্য সারসংক্ষেপ, আমরা কী শুনেছি</u>

i. আমি অপ্রতিহতভাবে চলমান শিক্ষা কেন্দ্র, স্কুল, একটি কমিউনিটি কলেজ ক্যাম্পাস এবং ইউথ প্রোগ্রামিং দেখতে চাই

ii. আমি আশেপাশে অভিবাসী পরিষেবা দেখতে চাই।

iii. আমাদের স্থানীয় শিল্প গোষ্ঠীদের জন্য থিয়েটার এবং অন্যান্য অনুষ্ঠানগুলি করার জন্য একটি জায়গা সহ আমাদের সমাবেশের স্থান এবং সাংস্কৃতিক কেন্দ্রের প্রয়োজন।

**3. অর্থনৈতিক উন্নয়ন/অর্থনৈতিক সুযোগ**

a. <u>বোর্ড 1: পরিচায়ক উপস্থাপনা</u>

- অর্থনৈতিক সুযোগ বাড়ানো এবং মানসম্পন্ন চাকরি এবং পরিষেবাগুলিতে অ্যাক্সেস জুয়েল স্ট্রিট পরিকল্পনার কেন্দ্রীয় লক্ষ্য।
- **এলাকার বাসিন্দারা কোথায় কেনাকাটা করে এবং পরিষেবাগুলি অ্যাক্সেস করে?**

  - এই বৃহৎ আবাসিক এলাকায় বাসিন্দাদের কেনাকাটা করার এবং পরিষেবাগুলি অ্যাক্সেস করার জন্য বর্তমানে সীমিত এলাকা রয়েছে। অনেক বাসিন্দা কেনাকাটা করতে, খাওয়ার জন্য বা স্বাস্থ্যসেবা এবং অন্যান্য পরিষেবাগুলি অ্যাক্সেস করতে কাছাকাছি গেটওয়ে সেন্টারে বা বসবাসকারী এলাকার আশেপাশের বা নেবারহুডের আরও বাইরে যান। কোথায় কী তৈরি করা যেতে পারে তা নিয়ন্ত্রণকারী নিয়মগুলি, খুচরা বিক্রির অনুমতির সীমার মতো বিষয়গুলি সহ বর্তমান জোনে আংশিকভাবে সুযোগ-সুবিধার ঘাটতি আছে। এটি বিনিয়োগের ঐতিহাসিক নিদর্শন থেকেও উদ্‌ভূত হয়েছে, যার মাধ্যমে এই এলাকাটি নতুন পরিষেবা এবং সুযোগ-সুবিধার জন্য নির্বাচিত হয়েছে।
- **এলাকার বাসিন্দারা কোথায় কাজ করেন?**
  - বেশিরভাগ এলাকার বাসিন্দারা শহরব্যাপী প্রবণতা অনুসরণ করে ম্যানহাটন (Manhattan)-র প্রধান চাকরি কেন্দ্রগুলিতে যাতায়াত করেন, তবে অনেকে কাছাকাছি JFK বিমানবন্দরেও যাতায়াত করেন। আশেপাশের বাসিন্দাদের প্রায় এক তৃতীয়াংশ স্বাস্থ্যসেবা পরিষেবা খাতে কাজ করে এবং বাসিন্দাদের পরবর্তী বৃহত্তম অংশ, প্রায় 20% খুচরা পরিষেবা এবং বাসস্থানে কাজ করে।

b. <u>বোর্ড 1: প্রম্পটস</u>
- আপনি বর্তমানে কোন ধরনের সুযোগ-সুবিধা বা দোকানের অভাব অনুভব করেন এবং আপনি কী আরও বেশি করে দেখতে চান (যেমন ব্যাঙ্ক, লন্ড্রোম্যাট, ক্যাফে/বোডেগা, সুপারমার্কেট, রেস্তোরাঁ, ইত্যাদি)?
- চাকরির অ্যাক্সেস বাড়াতে এবং নতুন ব্যবসায় গড়ে তুলতে এবং সেটির বৃদ্ধিতে সহায়তা করার জন্য আশেপাশে কোন পরিষেবাগুলির সবচেয়ে বেশি প্রয়োজন (যেমন, কাজের প্রস্তুতি প্রশিক্ষণ, নিয়োগের সহায়তা, ছোট ব্যবসা, উদ্যোক্তাদের সমর্থন)?
- আপনি কিভাবে কাজে যাবেন (যেমন, ড্রাইভ করে,হেঁটে, বাইক চালিয়ে, বাসে করে, পাতাল রেলে চড়ে ইত্যাদি)?
- আপনার বসবাসকারী এলাকার আশেপাশে বা নেবারহুডে আপনি কোন কাজের সুযোগ দেখতে চান (যেমন স্বাস্থ্যসেবা, খুচরা/খাদ্য পরিষেবা, শিল্প, নির্মাণ, শিক্ষা, অফিস)?
- আশেপাশের বাণিজ্যিক রাস্তাগুলিকে আরও আকর্ষণীয় করে তোলা যায় কীভাবে?

c. <u>বোর্ড 2: ছবি এবং তথ্য</u>
- পরিবারের গড় আয় (গ্রাফ)
- বেকারত্ব (গ্রাফ/চার্ট)
- কর্মসংস্থান বিভাগ (গ্রাফ/চার্ট)
- বসবাসকারী এলাকার আশেপাশে বা নেবরহুডের অর্থনৈতিক সম্পদ (মানচিত্র)
  - কমার্শিয়াল করিডোর
  - চাকরি কেন্দ্র বা জব সেন্টারস
  - নন-রেসিডেন্সিয়াল ব্যবহার

d. <u>বোর্ড 3: মূল সারসংক্ষেপ, আমরা যা শুনেছি</u>

- আমাদের আশেপাশে কেনাকাটা করার জন্য আরও জায়গা এবং কমিউনিটি সুবিধার প্রয়োজন
- আমাকে মুদিখানা থেকে জিনিস কিনতে, ডিনার করতে, পোস্ট অফিসে বা লাইব্রেরিতে যেতে পাড়া ছেড়ে যেতে হবে।
- আশেপাশে কোন ব্যাঙ্ক বা লন্ড্রোম্যাট নেই, দৈনন্দিন কাজ করা কঠিন।

**4. স্বাস্থ্য**

a. বোর্ড 1: পরিচায়ক উপস্থাপনা

স্বাস্থ্য আমাদের দৈনন্দিন জীবনের পরিস্থিতির সাথে সম্পর্কযুক্ত। স্বাস্থ্য অনেক কিছু দ্বারা প্রভাবিত হয়, যার মধ্যে আমাদের স্বাস্থ্যকর খাবার এবং পরিষ্কার বাতাসের অ্যাক্সেস, আমরা আমাদের বাড়িতে বা রাস্তায় কতটা নিরাপদ বোধ করি এবং সম্পদ তৈরির সুযোগগুলি আছে। নেবারহুডের পরিস্থিতি আমাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যকে প্রভাবিত করে।

গড়ে, ইস্ট নিউ ইয়র্কের বাসিন্দারা লিন্ডেনউড বা হাওয়ার্ড বিচের পাশাপাশি সাধারণ নিউ ইয়র্কের বাসিন্দাদের তুলনায় বেশি স্বাস্থ্য সম্পর্কিত চ্যালেঞ্জের সম্মুখীন হন। এই স্বাস্থ্য বৈষম্যগুলি কয়েক দশকের নীতি এবং অনুশীলন থেকে উদ্ভূত হয়েছে, যা এই আশেপাশের আবাসনের গুণমান, খাদ্যের অ্যাক্সেস এবং পরিবেশগত অবস্থাকে আকার দিয়েছে।

- জীবনের অনেক দিক স্বাস্থ্যে অবদান রাখে (গ্রাফিকের নিচের বাক্যাংশ)
  - অর্থনৈতিক স্থিতিশীলতা
  - যুবাদের জন্য শিক্ষা এবং সুযোগ
  - শারীরিক ও মানসিক স্বাস্থ্যসেবা
  - স্বাস্থ্যকর এবং সাশ্রয়ী মূল্যের খাবার
  - সক্রিয় থাকার জন্য খোলা জায়গায় অ্যাক্সেস করা
  - নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ
  - নিরাপদ এবং স্থিতিশীল আবাসন
  - সম্প্রদায়ের অনুভূতি

b. বোর্ড 1: প্রম্পটস

**নীচে আপনার চিন্তা যোগ করুন**

- আপনার বসবাসকারী এলাকার আশপাশকে বা নেবারহুডকে কোন জিনিসটি স্বাস্থ্যকর করে তোলে?
- আপনার সম্প্রদায়ের স্বাস্থ্যের জন্য চ্যালেঞ্জগুলি কী কী?
- আপনি স্বাস্থ্যসেবা কোথায় পান?
- কোন সম্পদ আপনার সম্প্রদায়ের স্বাস্থ্যের উপর সবচেয়ে বেশি প্রভাব ফেলবে?
- আপনি বা আপনার প্রতিবেশীরা কোথায় মুদিখানার জিনিস কেনেন? সেখানে যাওয়াটা কি কঠিন? এলাকায় তাজা এবং স্বাস্থ্যকর খাবার পাওয়া কি সহজ?

# Jewel রাস্তা পার্শ্ববর্তী এলাকাগুলি পরিকল্পনা
## (Jewel Streets Neighborhood Plan)

c. <u>বোর্ড 3: যা আমরা ইতিমধ্যে শুনেছি</u>
   - এলাকায় খুব বেশি মুদিখানা নেই। তাজা খাবার পাওয়া সহজ নয়।
   - এলাকায় জরুরি সেবাই একমাত্র চিকিৎসা সেবা।
   - এলাকার আশেপাশে প্রচুর জল জমে আছে। মশা একটি বড় সমস্যা।

** আপনি কি একমত না ভিন্নমত? আপনি কী যোগ করবেন বা পরিবর্তন করবেন? পূর্বের মন্তব্যে আপনার প্রতিক্রিয়া সহ স্টিকি নোট যোগ করুন বা নীচে নতুন আইডিয়াগুলি শেয়ার করুন।

___________________________________________________________________________

# আমরা ওয়ার্কশপ # 1 এ যা শুনেছি

**আবাসন গুণমান এবং অবকাঠামো**

- পয়ঃনিষ্কাশন ব্যাকআপের কারণে বাড়ির মালিকরা বন্যার ক্ষতি এবং অস্বাস্থ্যকর জীবনযাত্রার অভিজ্ঞতা করেছেন।
- রাস্তা উঁচু করা একটি সম্ভাব্য সমাধান হিসাবে আলোচনা করা হয়েছে, কিন্তু কিছু বাড়ির মালিক তাদের বাড়ির ভিতের উপর প্রভাব নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।
- জুয়েল স্ট্রিটের বাসিন্দারা চান যে সিটি যেন বিদ্যমান বাড়িগুলিকে লিন্ডেন বুলেভার্ড বরাবর থাকা নর্দমাগুলির সাথে সংযুক্ত করে এবং সেপটিক সিস্টেমের উপর নির্ভরশীল বাসিন্দাদের ক্ষতিপূরণ দেয়।
- বাসিন্দারা বেশ কয়েকটি খালি, ছোট ঘরের কথা জানিয়েছেন যেগুলি পরিত্যক্ত বলে মনে হচ্ছে।
- কিছু বাসিন্দা বসবাসকারী এলাকার আশেপাশের পুরানো অংশগুলিতে তৈরি হওয়া নতুন নির্মাণ যেগুলি নর্দমা ব্যবস্থার সাথে যুক্ত নয় সেগুলিকে বন্যা বৃদ্ধি পাওয়ার ক্ষেত্রে দায়ী করেছেন।

**পরিবহন**

- যদিও বাসিন্দারা সম্মত হন যে বসবাসকারী এলাকার আশেপাশের উত্তর দিকের অংশটি আরও ভাল পাতাল রেল অ্যাক্সেস পাওয়ার দ্বারা উপকৃত হয়, বাস পরিষেবা কতটা অসামঞ্জস্যপূর্ণ হতে পারে তা তারা ব্যক্ত করেছেন।
- বসবাসকারী পুরো এলাকাটির সাথে আরও ভালভাবে সংযোগ করার জন্য উত্তর-দক্ষিণে আরও বাস রুটের প্রয়োজন।
- যদিও বাসিন্দাদের জন্য বাস এবং ট্রেনে JFK যাওয়া তুলনামূলকভাবে সহজ, বাসিন্দারা কাছাকাছি শার্লি চিজম পার্ক, সিটিলাইন এবং হাওয়ার্ড বিচের মতো জায়গাগুলিতে আরও ভাল বাস সংযোগ দেখতে চান৷
- বাসগুলি প্রায়শই দেরি করে এবং ভরসা করার যোগ্য হয় না এবং কিছু বাস স্টপে নিরাপদ বোধ করা যায় না।
- কিছু বাসিন্দা ব্যস্ত লিন্ডেন বুলেভার্ড পেরিয়ে জুয়েল স্ট্রিট দিয়ে গ্রান্ট অ্যাভিনিউ স্টেশনে যাওয়ার পরিবর্তে রকওয়ে বুলেভার্ড এ-ট্রেন স্টেশনে বাস ধরতে হাওয়ার্ড বিচে 15 মিনিট হেঁটে যান কারণ লিন্ডেন বুলেভার্ডের উত্তরের এলাকা বিপজ্জনক বোধ করে।
- লিন্ডেন বুলেভার্ড এবং কনডুইট নালীতে উচ্চ-গতির ট্র্যাফিকের পাশাপাশি পাশের রাস্তায় ফুটপাথ এবং স্ট্রিটলাইটের অভাবে বাসিন্দারা নিরাপত্তাহীন বোধ করে।
- বাসিন্দারা পথের নিরাপত্তাহীন পরিস্থিতি নিয়ে তাদের অভিজ্ঞতা বর্ণনা করেছেন। লিন্ডেন বুলেভার্ড অতিক্রম করার চেষ্টা করার সময় ওয়ার্কশপের একজন অংশগ্রহণকারীর একটি গাড়ির ধাক্কায় কাঁধ ভেঙে যায়।

- বাইক লেন সম্পর্কে বাসিন্দাদের মতামতে দুইভাগে বিভক্ত ছিল, কিছু বাসিন্দা উদ্বিগ্ন ছিল যে তারা পার্কিং স্পটগুলিকে সরিয়ে নেবে আর অন্যরা ট্রাফিককে শান্ত করার ব্যবস্থা হিসাবে বাইক লেনকে দেখছিল।
- অংশগ্রহণকারীরা বসবাসকারী আশেপাশের এলাকায় আরও ফুটপাথ দেখার দৃঢ় ইচ্ছা প্রকাশ করে যাতে আরও নিরাপদে হাঁটা যায় এবং বাণিজ্যিক এলাকা ও ট্রানজিট অ্যাক্সেস করা যায়।

**অর্থনৈতিক উন্নয়ন এবং সম্প্রদায় পরিষেবা**

- লিন্ডেন বুলেভার্ড বরাবর ছোট স্ট্রিপ মল এবং বড় বক্স খুচরা বিক্রেতা থাকলেও আশেপাশে প্রয়োজনীয় খুচরা সুযোগ-সুবিধা এবং কমিউনিটি ফেসিলীটির বেশ অভাব রয়েছে।
- বাসিন্দারা প্রায়ই দৈনন্দিন কাজের জন্য আশেপাশের এলাকা ছেড়ে যান যেমন মুদিখানার জিনিস কেনাকাটা করা, রেস্তোরাঁয় খাবার খাওয়া, মেইলিং প্যাকেজ, লাইব্রেরিতে যাওয়া, ব্যাঙ্কে যাওয়া এবং লন্ড্রি করা।
- বাসিন্দারা অপ্রতিহতভাবে চলমান শিক্ষা কেন্দ্র, স্কুল, কমিউনিটি কলেজ, ইয়ুথ প্রোগ্রামিং এবং আশেপাশে অভিবাসী পরিষেবা দেখতে চায়।
- স্থানীয় শিল্পকলা গোষ্ঠীগুলির জন্য অনুষ্ঠান এবং থিয়েটার স্পেস সহ সমাবেশের স্থান এবং সাংস্কৃতিক কেন্দ্রগুলিও সম্প্রদায়ে অনুপস্থিত।

**খোলা/সবুজ স্থান**

- বাসিন্দারা আরও গাছ সহ আশেপাশে আরও সবুজ জায়গা দেখতে চান, কারণ এখানে খুব কম পার্ক, খুব কম সবুজ এবং খুব কম বিনোদনের জায়গা রয়েছে।
- আরও গাছ এবং পার্কের স্থান ছাড়াও, শহুরে কৃষি এবং বাগান করার জন্য জায়গাও অংশগ্রহণকারীদের জন্য এক বড় অগ্রাধিকার ছিল।
- বাসিন্দারা বর্ণনা করেছেন যে কীভাবে প্রচলিত বন্যপ্রাণী এবং উইপিং উইলোর মতো গাছ জুয়েল স্ট্রিটগুলিতে ছিল এবং তারা সেগুলির বেশ কয়েকটিকে আবার দেখতে চান৷
- পরিবারগুলি সাটার অ্যাভিনিউতে রবার্ট ভেনেবল (Robert Venable) পার্কে যাওয়া উপভোগ করে এবং এর মতো আরও জায়গা দেখতে চায় তবে উল্লেখ করেছে যে স্থানটিকে পরিষ্কার রাখার এবং নিরাপদ বোধ করানোর জন্য সামঞ্জস্যপূর্ণ রক্ষণাবেক্ষণ প্রয়োজন।
- বাসিন্দারা জেমিনি ফিল্ডস এবং টিউডর পার্কের ক্রিকেট মাঠে যেতে পছন্দ করে কিন্তু মাঠে আরও ভাল উজ্জ্বল আলো দেখতে চায় এবং ক্রিকেট মাঠে প্রবেশ করতে তাদের অসুবিধা হয় কারণ তাদের কন্ডুইট অ্যাভিনিউ অতিক্রম করতে হয়।

**ভূমির ব্যবহার**

- জুয়েল স্ট্রিটের বাসিন্দাদের জন্য, স্যানিটেশন, বেআইনি ডাম্পিং এবং বাসস্থানের পাশে উপদ্রব সহ জীবনের গুণমান সংক্রান্ত উদ্বেগগুলির সমাধান করার জন্য অবৈধ শিল্প ব্যবহারগুলির সমাধান করাই হল এক নম্বর অগ্রাধিকার, যেগুলি সবই বিপদের অনুভূতিতে অবদান রাখে।
- বাসিন্দারা প্রকাশ করেছেন যে বর্তমান জোনিং এলাকার শিল্প ব্যবহারের সাথে খাপ খায় না এবং এখানে একটি বৃহত্তর আবাসিক ও সবুজ স্থানের লক্ষ্য রাখা উচিত।

# Jewel রাস্তা পার্শ্ববর্তী এলাকাগুলি পরিকল্পনা
## (Jewel Streets Neighborhood Plan)

- কিছু অংশগ্রহণকারীর 12-তলা লিন্ডেন টেরেসের মতো সাম্প্রতিক উন্নয়নের স্কেল নিয়ে উদ্বেগ ছিল।
- তবে, অন্যান্য সম্প্রদায়ের সদস্যরা লিন্ডেন বুলেভার্ডের পাশে জুয়েল স্ট্রিট এবং বড় পার্কিং লটগুলি দেখতে চায়, যেমনটি প্রাক্তন লিন্ডেন বুলেভার্ড মাল্টিপ্লেক্স সিনেমার পিছনে ছিল, যেটিকে সাশ্রয়ী মূল্যের আবাসনের মতো উৎপাদনশীল ব্যবহারে আনা হয়েছে৷
- বাসিন্দারা রিপোর্ট করেছেন যে এলাকায় শুধুমাত্র একটি ছোট বাণিজ্যিক কেন্দ্র রয়েছে।

### বন্যা এবং স্থিতিস্থাপকতা

- বন্যা আশেপাশের একটি প্রধান সমস্যা, এবং জুয়েল স্ট্রিটগুলি বিশেষত একটি ব্যাপক পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং নিচু রাস্তার অভাবের কারণে প্রভাবিত হয়৷
- বাসিন্দারা রিপোর্ট করেছেন যে অ্যাম্বার এবং 78 তম স্ট্রিটের জুয়েল স্ট্রিট থেকে জল পাম্প করার সাম্প্রতিক প্রচেষ্টার ফলে আশেপাশের অন্য কোথাও বন্যা হয়েছে৷
- একজন অংশগ্রহণকারী রিপোর্ট করেছেন যে অ্যাম্বার স্ট্রিট এবং লিন্ডেন বুলেভার্ড বরাবর পাম্প স্টেশনটি সঠিকভাবে কাজ করে না এবং লরিং অ্যাভিনিউ বরাবর বন্যা খারাপ। বাসিন্দারা স্বল্প এবং দীর্ঘমেয়াদী সমাধান দেখতে চায়, যার মধ্যে অতিরিক্ত ঝড়ের জল এবং নর্দমা অবকাঠামোতে বিনিয়োগ রয়েছে, তবে এটি কীভাবে বিদ্যমান বিল্ডিংগুলিকে প্রভাবিত করবে তা নিয়ে উদ্বেগ রয়েছে।

### স্বাস্থ্য

- বাসিন্দারা এখানে কয়েকটি মুদিখানার দোকান না থাকার কারণে তাজা খাবারের অ্যাক্সেসের অভাবের কথা জানিয়েছেন।
- জরুরী যত্নের সুবিধা থাকলেও, নির্ভরযোগ্য জরুরী চিকিৎসা পরিষেবা সহ আরও উচ্চ মানের মেডিকাল অফিস প্রয়োজন।
- জুয়েল স্ট্রিটগুলিতে দীর্ঘস্থায়ী সমস্যা হয়ে থাকা এবং দূষিত জলের সংস্পর্শে থাকা মশা বাসিন্দাদের স্বাস্থ্যের ঝুঁকি তৈরি করে৷

### প্রয়োজনীয় পরিষেবা এবং অবকাঠামো

- একাধিক বাসিন্দা আবর্জনা সংগ্রহ এবং মেল বিতরণের ক্ষেত্রে অবিশ্বস্ত পরিষেবার অভিজ্ঞতা লাভ করেছেন৷
- সাধারণ একটি অনুভূতি ছিল যে জুয়েল স্ট্রিটের বাসিন্দারা শহরের অন্যান্য অংশে নতুন রাস্তা পাকা করার এবং অন্যান্য অবকাঠামোগত উন্নতির মতো উন্নতি থেকে বাদ পড়েছেন।